

উচ্চ মাধ্যমিক ইংরেজি ১ম পত্রের গ্রামার সফটওয়্যার 'কেয়ার'

গত বছরের পর 'কেয়ার' আবারও উপস্থাপিত হলো উচ্চ মাধ্যমিক পর্যায়ের ইংরেজি ১ম পত্রের গ্রামার অংশ নিয়ে। প্রধানত কেয়ার একটি চর্চামূলক সফটওয়্যার। সফটওয়্যারটি উচ্চ মাধ্যমিক পর্যায়ের একজন শিক্ষার্থীকে ইংরেজি ১ম পত্রে পরীক্ষামূলক প্রস্তুতি গ্রহণে বিশেষ সহযোগিতা করবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইংরেজি বিষয়ে দুর্বলতার কারণে অধিকাংশ ছাত্রছাত্রী প্রত্যাশিত ফলাফল অর্জনে ব্যর্থ হয়। সুতরাং এমন একটি কঠিন বিষয় যদি সহজ ও সুন্দরভাবে উপস্থাপিত হয় তাহলে বিষয়টি সম্পর্কে একটি ভাল প্রস্তুতি গ্রহণ করা সম্ভব। সফটওয়্যারটির বিশেষ বৈশিষ্ট্য হলো এর গ্রাফিক্যাল ইউজার ফ্রেন্ডলি ইন্টারফেস। সফটওয়্যারটিতে ১ম পত্রের গ্রামারের প্রায় সবগুলো বিষয়কে অত্যন্ত সহজভাবে উপস্থাপন করা হয়েছে। ফলে বিষয়টিতে সার্বিক প্রস্তুতি গ্রহণ অনেকটা সহজ হবে। সফটওয়্যারটিতে নির্বাচিত ৫টি গল্পের MCQ, Matching, Preposition, Right form of verbs, Transformation, Idioms and Phrases, Joining sentence, Model Narration, Text Reading Environment ছাড়াও থাকছে আরও কিছু বিষয়। এছাড়া সফটওয়্যারটি পরীক্ষা পরবর্তী সময়ে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ভর্তির প্রস্তুতি গ্রহণে সাহায্য করবে বলে সফটওয়্যার নির্মাতা আশাবাদী।

সফটওয়্যারটির গ্রাফিক্স এবং প্রোগ্রামিং করেছেন ঢাকা কলেজের অর্থনীতি (সম্মান) ২য় বর্ষের ছাত্র সাকিব হাসান। সহযোগিতায় ছিলেন আইডিয়াল কলেজের এইচএসসি পরীক্ষার্থী সায়েম মাহমুদ। তাদেরকে সহায়তা দিয়েছেন অ্যাপটেক মিরপুর কেন্দ্রের জিয়াউল হাসান।

গ্রাফিক্যাল এবং মিউজিক্যাল ইনভায়রনমেন্টে তৈরি সফটওয়্যারটির অন্যতম বৈশিষ্ট্য হলো প্রত্যেকটি প্রশ্নের আশিাদা সিলেকশন এবং আলাদাভাবে উত্তর জানার সুবিধা, যা শিক্ষার্থীকে স্বল্প সময়ে প্রস্তুতি গ্রহণে সহযোগিতা করবে। পরীক্ষার্থীদের সুবিধার কথা চিন্তা করে সফটওয়্যারটি বাজারজীত করা হচ্ছে না। তবে আগ্রহীরা সরাসরি অথবা কুরিয়ারের মাধ্যমে টাকা পাঠিয়ে সফটওয়্যারটি সংগ্রহ করতে পারবেন। সিডিসহ সফটওয়্যারটির মূল্য ১শ' ৫০ টাকা। (সারাদেশের যেকোন স্থান হতে কুরিয়ারের মাধ্যমে সফটওয়্যারটি সংগ্রহ করা যাবে তবে সেক্ষেত্রে মূল্য হবে ২শ' টাকা)। কেয়ার শিক্ষার্থীদের জন্য অল্প দিনের মধ্যেই আরেকটি সফটওয়্যার রিলিজ করছে। আর আপনিও হতে পারেন এই সফটওয়্যারের একজন। বিস্তারিত জানতে দেখুন। www.geocities.com/care_soft
ই-মেইল : sabbin735@hotmail.com